



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/

তারিখ :

বিষয় : ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (ইংরেজি ভাষন) ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০১-১১-২০১৬ তারিখের- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৩৭২ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, কলেজ মঞ্জুরী কমিটির পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের স্ব-অর্থায়নে পরিশোধের শর্তে নিম্ন লিখিত বিভাগ/বিষয় সমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে বিজ্ঞান বিভাগে (ইংরেজি ভাষন) ১(এক) বছরের জন্য সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির প্রাথমিক অনুমতি প্রদান করা হ'ল।

একাদশ শ্রেণির পাঠ্য বিষয় সমূহ (পাঠ্যক্রম অনুযায়ী):

আবশ্যিক বিষয় সমূহ (সকল বিভাগের জন্য)	নৈর্বাচনিক বিষয় সমূহ	ঐচ্ছিক বিষয় সমূহ
বাংলা, ইংরেজী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ক' ওজ্জ হতে ৩টি	যে কোন একটি
মানবিক বিভাগ	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা শাখা
-	১। পদার্থ বিজ্ঞান ২। রসায়ন বিজ্ঞান ৩। জীব বিজ্ঞান ৪। উচ্চতর গণিত	-

আরোপিত শর্ত সমূহ :

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতনভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। একাদশ শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতিকে প্রথম পর্যায়ে ১(এক) বছরের জন্য অর্থাৎ আগামি ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ৩। প্রতি বিভাগে কাম্যসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। লাইব্রেরিতে কমপক্ষে ২০০০(দুই হাজার) খানা পাঠ সহায়ক বই থাকতে হবে।
- ৫। জাতীয় দিবস গুলি উদযাপন এবং ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। ২০০৯ সালের নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৭। সংরক্ষিত তহবিলে ১,০০,০০০/= ও সাধারণ তহবিলে ৫০,০০০/= টাকা জমা রাখতে হবে।
- ৮। ঘাদশ শ্রেণী খোলার পূর্বে ৬,০০০/= (ছয় হাজার) টাকা ফিস জমা দিয়ে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ৯। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের সিলেবাস অনুযায়ী পাঠদান করাতে হবে।
- ১০। বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ১১। ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করতে হবে।
- ১২। কলেজ চত্বরে ফলদ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ১৩। পরীক্ষার পূর্বে প্রতি বিভাগে ২,০০০/- (দুই হাজার) টাকা ফিস বোর্ড তহবিলে জমা দিয়ে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে (কলেজ স্বীকৃতি না পাওয়া পর্যন্ত)।
- ১৪। বোর্ডের ওয়েবসাইড হতে সকল প্রকার তথ্য ও বিজ্ঞপ্তি জানতে হবে।

অধ্যক্ষ

প্রস্তাবিত সানআপ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ
ডাকঘর : কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৮


স্মারক নং -ক/অ/

১১০(২০)/২-২০


তারিখ : ১৩/১১/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)
- ৭। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ৮। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। সংরক্ষণ নথি।


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর


১৩/১১/১৬